তারিখ 10 MAY 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

কালের কণ্ঠ

জাতীয় বিশ্ববিদ্যালয়

# মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে ভর্তি শুরু ১২ মে

নিজস্ব প্রতিবেদক, গাজীপুর ▷

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬ সালের মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে ভর্তির (অনলাইন) আবেদন আগামী ১২ মে বিকেল ৪টা থেকে শুরু হবে। চলবে ২৬ মে রাত ১২টা পর্যন্ত চলবে। এ-সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) প্রকাশিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে। গতকাল সোমবার দুপুরে জাতীয় বিশ্ববিদ্যালয় এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়।

মাস্টার্সের (প্রফেশনাল) অন্তর্ভুক্ত কোর্সগুলো হলো এলএলবি প্রথম পর্ব: পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম: ডিপ্লোমা ইন লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সায়েন্স; এমএসসি ইন কম্পিউটার সায়েন্স; মাস্টার্স অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ) ও এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং।

**মাস্টার্স প্রথম পর্ব ফরম পূরণ শুরু ১০ মে** : জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪ সালের মাস্টার্স প্রথম পর্ব আবেদন ফরম পূরণ আগামী ১০ মে শুরু হবে। চলবে ৩১ মে পর্যন্ত।

এ-সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info থেকে জানা যাবে।